

অনলাইন আবেদন পদ্ধতি

ধাপ-১: যে কোন ব্রাউজার থেকে www.dyd.nise.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করতে হবে

ধাপ-২: ওয়েবসাইটে প্রবেশ করার পর 'লগইন/রেজিস্ট্রেশন' অপশন পাওয়া যাবে। সেখানে ক্লিক করে 'রেজিস্ট্রেশন' অপশন বাছাই করে ক্লিক করলে 'যুব' ও 'শিল্প প্রতিষ্ঠান' নামে দুইটি অপশন পাওয়া যাবে। 'যুব' অপশন ক্লিক করলেই কাঙ্ক্ষিত রেজিস্ট্রেশন হোম পেজ পাওয়া যাবে।

ধাপ-৩: রেজিস্ট্রেশন ফর্মে প্রয়োজনীয় সকল তথ্য পূরণ করে এবং ৮ সংখ্যার পাসওয়ার্ড দিয়ে 'একাউন্ট তৈরি' অপশন ক্লিক করলেই একাউন্ট তৈরি হয়ে যাবে। পাসওয়ার্ড ভবিষ্যতের জন্য সংরক্ষণ করে রাখতে হবে।

ধাপ-৪: তথ্য প্রদান করা আবেদনকারী প্রার্থীর নিজের মোবাইল নাম্বারটি ইউজারনেম হিসেবে ব্যবহার করা হবে এবং পূরণকৃত পাসওয়ার্ড দিয়ে 'লগইন/রেজিস্ট্রেশন' অপশন থেকে 'লগইন' অপশন ক্লিক করে লগইন করতে হবে।

ধাপ-৫: লগইন করার পর প্রার্থীকে প্রোফাইল অপশনে ক্লিক করে আমার প্রোফাইল সিলেক্ট করে শিক্ষাগত যোগ্যতা, ভাষাগত দক্ষতা, অভিভাবকের তথ্য, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয় পরিচয়পত্র/ জন্মসনদ নাম্বার ইত্যাদি তথ্য প্রদান করে সম্পাদনা করতে হবে।

ধাপ-৬: তথ্য প্রবেশ শেষে প্রার্থীকে ফিড-পেজে 'লোকেশন' (কাঙ্ক্ষিত জেলা) বাছাই করে তার ডানপাশে 'অনুসন্ধান' অপশনে ক্লিক করলেই উক্ত জেলার চলমান সকল কোর্সের বিস্তারিত পেয়ে যাবে। এরপর কাঙ্ক্ষিত কোর্সের পাশে 'নিবন্ধন' অপশনে ক্লিক করতে হবে। এছাড়া, কোর্সের নাম লিখে অনুসন্ধান করলেও কাঙ্ক্ষিত কোর্সটি পাওয়া যাবে।

ধাপ-৭: নিবন্ধন অপশনে ক্লিক করার পর কোর্স রেজিস্ট্রেশন পেজ পাবে। সেখানে সকল তথ্যের পাশাপাশি 'ট্রেনিং সেন্টার' এবং 'পছন্দের ব্যাচ' নামক দুটি অলাদা অপশন থাকবে, আবেদনকারী কোন জেলায় এবং কোন ব্যাচে প্রশিক্ষণ নিতে চান সেটা খুব সতর্কতার সাথে নির্বাচন করতে হবে।

মনে রাখতে হবে, ট্রেনিং সেন্টার ও পছন্দের ব্যাচ নির্বাচনে ভুল হলে আবেদন যথাযথ হবে না এবং আবেদন বাতিল হয়ে যাবে।

ধাপ-৮: যথাযথ তথ্য দিয়ে পরবর্তী সবকয়টি ধাপ অতিক্রম করে নিবন্ধন করলেই আবেদন 'সম্পন্ন' অপশন আসবে। সম্পন্ন বাটনে ক্লিক করলে "আপনার আবেদনটি গ্রহণ করা হয়েছে" শিরোনামে একটি লেখা আসবে। তার নিচে পরবর্তী বাটনে ক্লিক করলেই আবেদনকারীর নিবন্ধিত মোবাইল নাম্বারে একটা 'যাচাই করণ কোড (ওটিপি)' আসবে। 'ওটিপি'টি লিখে যাচাই করলেই আবেদন সম্পন্ন হয়ে যাবে।

বি.দ্র. আবেদনে পেমেন্ট অপশন থাকলেও আপাতত অনলাইনে কোনো পেমেন্ট করতে হবে না। ভর্তি সংক্রান্ত সকল পেমেন্ট হাতে হাতে জমা নেয়া হবে। যারা পূর্বে অনলাইনে রেজিস্ট্রেশন/আবেদন করেছে, তাদের জন্য ৪র্থ ধাপ থেকে শুরু করতে হবে, অর্থাৎ ইউজার নেম (মোবাইল নাম্বার) এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। সেক্ষেত্রে পূর্বের পাসওয়ার্ড ভুলে গেলে তা রিকভার করে নিতে হবে।